বায়তুশ শরফ আদর্শ কামিল (অনার্স-মাস্টার্স) মাদ্‌রাসা

নির্বাচনী পরীক্ষা-২০২১

শ্রেণি ঃ দাখিল ১০ম

বিষয় ঃ ইসলামের ইতিহাস

সময় : ৩০ মিনিট | পূর্ণমান : ৩০

বহুনির্বাচনী অভীক্ষা

[দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর: প্রতিটি প্রশ্নের মান -১]

১। জাহেলি যুগে আরবে গোত্র প্রথা প্রধান্য লাভের কারণ কী ছিল?
ক) গোত্রপ্রীতির প্রকট ধারাণা খ) ব্যক্তি স্বাধীনতার অনুপস্থিতি
গ) অনচারা ও লুটতরাজের ব্যাপকতা ঘ) কেন্দ্রীয় শক্তির কর্তৃত্ব না থাকা

২। আরবের বৃহত্তম মরুভূমি কোনটি?
ক) আন নুফুদ খ) আদ দাহনা গ) আল হাররা ঘ) আল বাদিয়াহ

৩। প্রাক ইসলামী যুগে শ্রেষ্ঠ কবির মর্যাদা লাভ করেন কে?
ক) আমর ইবনে কুলসুম খ) লাবিদ ইবনে রবিয়া গ) ইমরুল কায়েস ঘ) হারিছ ইবনে হিলজ

৪। লোহিত সাগরের তীরব্যাপী একটানা পর্বতমালাকে কী বলা হয়?
ক) প্রাচিনতম শিলা খ) আদ দাহনা গ) আল রাব আলখালি ঘ) আরব অঞ্চলের মেরুদন্ড

উদ্দীপকটি পড় এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও ।
পরপর তিনটি কন্যা সন্তান জন্ম নেয়ায় সবুর মিয়া তার স্ত্রী ও সন্তানদের সাথে অমানবিক আচরণ শুরু করে।

৫। সবুর মিয়ার আচরণে ইসলামপূর্ব যুগের কোন আবস্থা ফুটে ওঠেছে?
ক) সামাজিক খ) রাজনৈতিক গ) অর্থনৈতিক ঘ) ধর্মীয়

৬। আরবের শেক্সপীয়র নামে পরিচিত কোন কবি?
ক) তারাফা ইবনে আবাদ খ) ইমরুল কায়েস গ) আনতারা ইবনে সাদ্দাদ ঘ) লাবিদ ইবনে রাবিয়াহ

৭। কওম চেওনা পরবর্তীকালে সহায়ক হয়েছিল-
i) আরবজাতি গঠনে ii) ইসলামের বিস্তৃতি সাধনে iii) যাযাবরদের জীবন উন্নয়নে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও ।
মাযহার সাহেব এক শ্রেণির লোকদের সম্পর্কে বললেন, তাদের জীবিকার প্রধান মাধ্যম ছিল লুটতরাজ, খাদ্য ছিল দুধ ও উঠের মাংস। তারা ছুটে চলত একস্থান থেকে অন্য স্থানে।

৮। মাযহার সাহেব কাদের কথা বলেছেন?
ক) আরব কবিদের খ) শহরবাসী আবরদের গ) আবর বেদুইনদের ঘ) আরব ব্যবসায়ীদের

৯। উক্ত মানুষগুলোর জীবনের সাথে জড়িয়ে ছিল- i) তাবু ii) উট iii) দুর্ধর্ষতা
কোনটি সঠিক? ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১০। কোন খ্রিষ্টাব্দকে হস্তিবর্ষ বলা হয়?
ক) ৫২০ খ) ৫৭০ গ) ৪৮০ ঘ) ৫৮০

১১। মহানবী (স.) কে "আল আমীন" বলা হয় কারণ তিনি-
ক) আমানত রক্ষা করতেন খ) কর্তব্যনিষ্ঠায় অটুট ছিলেন
গ) সর্বদা সত্য কথা বলতেন ঘ) বিচক্ষণতার সঙ্গে কাজ করতেন

১২। খাদিজা (রা) এর গর্ভে মহানবী (সা.) এর কয়জন পুত্র জন্মগ্রহণ করেন?
ক) ২ খ) ৩ গ) ৪ ঘ) ৫

১৩। মক্কাবাসী কুরাইশগণ ইসলামের প্রচন্ড বিরোধিতা করেছিলেন, কারণ-
i) তৌহিদ কুরাইশদের নীতি বিরুদ্ধ ii) অর্থোপার্জন বন্ধের ভয় iii) গোষ্টিগত বিদ্ধেষ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও ।
সবার সুখে হাসব আমি কাঁদব সবার দুঃখে, নিজের খাবার বিলিয়ে দেব আনাহারির মুখে।

১৪। কবিতাংশে মহানবী (সা.) এর কোন কর্মের আদর্শ ফুটে ওঠেছে?
ক হিলফুল ফুযুল খ) আকাবার শপথ গ) মদীনার সনদ ঘ) হুদায়বিয়ার সন্ধি

১৫। মহানবী (সা.) এর উক্ত আদর্শ প্রয়োগের উদ্দেশ্য ছিল-
i) মানবতার সেবা ii) ব্যবিচার রোধ iii) অত্যাচারিতাকে সহায়তা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৬। মদিনা সনদের প্রধান উদ্দেশ্য কী ছিল?
ক) রাজনৈতিক ও ধর্মীয় ঐক্য খ) সামাজিক ও বাণিজ্যিক ঐক্য
গ) কুরাইশ ও ইহুদী ঐক্য ঘ) অর্থনৈতিক ও ধর্মীয় ঐক্য

১৭। হযরত মুহাম্মদ (সা.) এর দত্তকপুত্র কে ছিলেন?
ক) হারিস বিন ইমাইয়া (রা.) খ) যায়েদ বিন হারিছ (রা.)
গ) জাফর ইবনে আবু তালিব (রা.) ঘ) যায়েদ বিন ছাবিত (রা.)

১৮। সিরাত-ই-রাসুলুল্লাহ গ্রন্থের লেখক কে?
ক) ইবনে হিশাম খ) মুহাম্মদ ইবনে ইসহাক গ) আবু উবায়েদ ঘ) সৈয়দ আমির আলী

উদ্দিপকটি পড় এবং প্রশ্নগুলো উত্তর দাও :
সুজাতপুর জামে মসজিদের ইমাম সাহেব জুমার খোতবার আলোচনায় একদিন বলেন, বংশ মার্যাদার অহমিকা মানুষকে বড় করে না। পারস্পরিক সহযোগিতা, ভ্রাতৃত্যবোধ ও মানবতার সেবাই মুসলমানদের সম্মান বৃদ্ধি করে।

১৯। ইমাম সাহেব মহানবী (সা.) এর কোন আদর্শের বর্ণনা করেন?
ক) হিলফুল ফুজুল খ) মদিনার সনদ গ) হুদায়বিয়ার সন্ধি ঘ) বিদায় হজ্বের ভাষণ

২০। মহানবী (সা) উক্ত আদর্শ বাস্তবায়িত হলে সমাজে-
i) কৌলিণ্য প্রথা স্থান পাবে ii) সামাজিক সম্প্রীতি বাড়বে iii) ধনী-দরিদ্রের বৈষম্য কমবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২১। হযরত আলী (রা.) এর ডাক নাম কী ছিল?
ক) আবু হাফ্স খ) আবু তোরাব গ) আবু ওমর ঘ) আবদুল্লাহ

২২। ভন্ডনবীর দমনে হযরত আবু বকর (রা.) সেনাবাহিনীকে কয়টি ভাগে বিভক্ত করেন?
ক) ৭ খ) ১১ ঘ) ১২ ঘ) ১৩

২৩। হযরত আলী (রা.) কোনটির মাধ্যমে ইসলামের সেবা করেন?
ক) অর্থ ও সম্পদ খ) দয়া ও মহানুভবতা গ) ধৈর্য্য ও ন্যায়পরাণতা ঘ) জ্ঞান ও শৌর্যবীর্য্য

২৪। ইয়ামামার যুদ্ধকে মৃত্যুর বাগান বলার কারণ-
ক) বহু ধর্মত্যাগী নিহত হয় খ) বহু সাহাবি শহিদ হন
গ) ৭০ জন হাফেজ শাহাদাত বরণ করেন ঘ) ভয়াবহ পরিস্থিতি তৈরি হয়

২৫। সুলতান মুহাম্মদ ঘুরী কুতুবুদ্দীনকে উপাধি দিয়েছিলেন-
ক) আমীর খ) মালিক গ) আকুর ঘ) আইবক

২৬। তুরাইরে ২য় যুদ্ধে নিহত পৃথিরাজের ভ্রাতা ও প্রধান সেনাপতি কে ছিলেন?
ক) কেদার চন্দ্র খ) আনন্দপাল গ) গোবিন্দ রায় ঘ) জয়পাল

২৭। কুতুবুদ্দীন আইবেক কত খ্রিষ্টাব্দে সুলতান উপাধি লাভ করেন?
ক) ১২০৩ খ) ১০০৪ গ) ১২০৬ ঘ) ১২০৮

২৮। চৌহান রাজ্যের বিখ্যাত রাজা কে ছিলেন?
ক) জয়পাল খ) পৃথিরাজ গ) ভীম ২য় ঘ) গোবিন্দ চান্দ

২৯। সামুদ্রিক বন্দর হিসেবে পরিচিত কোনটি?
ক) দেবল খ) মুলতান গ) সিওয়ান ঘ) নন্দনা

৩০। মুহাম্মদ বিন কাসিম সমগ্র সিন্ধু জয় করেন কত খ্রিষ্টাব্দে?
ক) ৬২৪ খ) ৭১২ গ) ৭৮০ ঘ) ৮২০

সৃজনশীল প্রশ্ন

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট | পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলো হতে যে কোন সাতটি প্রশ্নের যথাযথ উত্তর দাও। $১০ \times ৭ = ৭০$

১। রফিক স্যার সভ্যতার ইতিহাস বিশ্বের একটি অঞ্চলের নাম পড়ানোর সময় তিনি প্রাচীন বিশ্বের একটি অঞ্চলের নাম করণ সম্পর্কে আলোচনা করলেন। তার আলোচনায় তিনি আরবা, ইয়ারাব, আবহার শব্দগুলো বললেন। তিনি আরো বলেন, এই অঞ্চল পৃথিবীর সর্ববৃহৎ উপদ্বীপ হিসেবে বিখ্যাত।

ক) নীলনদের দান বলা হয় কোন দেশকে? ১
খ) বিশ্ব সভ্যতা বহুদিক দিয়ে গ্রীকদের কাছে ঋনী কেন? ২
গ) রফিক স্যার সর্বশেষ বক্তব্য কোন অঞ্চলের অবস্থান তুলে ধরেছেন? ব্যাখ্যা কর? ৩
ঘ) রফিক স্যাবের উল্লিখিত অঞ্চলের নাম করণের স্বার্থকতা প্রমাণ কর। ৪

২। বারেক সাহেব দীর্ঘদিন আরবদেশে শ্রমিকের কাজ করেছেন। তিনি সেখানে বাগানে কাজ করতেন। সেই বাগানে একটি বৃক্ষেরই ছড়াছড়ি ছিল। আরবরা এই বৃক্ষটিকে বলে 'বৃক্ষরাণী'। বারেক সাহেব এ বৃক্ষ ছাড়া আরব ভূমি কল্পনাই করতে পারেন না। তিনি তার বন্ধুদের এই বৃক্ষের বর্ণনার পাশাপাশি আরবের ফসল এবং প্রাকৃতিক সম্পদের কথা বলেন।

ক) আবর ভূ-খন্ডের আয়তন কত? ১
খ) জাজীরাতুল আরব বলতে কী বুঝ? ২
গ) বারেক সাহেব কোন বৃক্ষের বাগানে কাজ করতেন? ব্যাখ্যা কর। ৩
ঘ) আরবের ফসল ও প্রাকৃতিক সম্পদের মাঝে বারেক সাহেবের কাজে সাথে জড়িত বৃক্ষটির শ্রেষ্ঠত্ব প্রমাণ কর। ৪

৩। মারিয়াদের পরিবার মরু অঞ্জলে বসবাস করে। মরিয়ার বাবা সবসময় ঝগড়া ঝাটিতে মেতে থাকে। তাদের পরিবারে মায়ের কোনো মার্যাদা নেই। মারিয়াকেও তার বাবা ভালবাসে না। একদিন রাতে তাদের বাড়িতে এক অপরিচিত লোক এল। মারিয়া অবাস হয়ে দেখল তার বাবা ঐ লোক কে খুব সমাদর করলেন।

ক) সারাসিনি শব্দের অর্থ কী? ১
খ) বেদুইনদের জীবন যাত্রা কেমন ছিল? ব্যাখ্যা কর। ২
গ) মারিয়ার পরিবারের ঘটনাটির সাথে প্রাচীন আরবের কাদের আচরণের মিল পাওয়া যায়? বর্ণনা দাও। ৩
ঘ) মারিয়াদের পরিবার যেন উক্ত শ্রেণির 'বাস্তব' নমুনা পাঠ্যবইয়ের আলোকে তোমার মতামত দাও। ৪

৪। খান পরিবার ও চৌধুরী পরিবারের মধ্যে দীর্ঘদিন ধরে শত্রুতা সম্পর্ক বজায় রয়েছে। উভয় পরিবারের মধ্যে ছোটো খাটো সংঘর্ষ সাধারণ ব্যাপার। তাদের সংঘর্ষের কারণে হিসেবে দেখা যায়, খান পরিবাবের পূর্বে একটি ছাগল চৌধুরী পরিবারের ক্ষেত্রের ফসল নষ্ট করার অপরাধে চৌধুরী পরিবার ছাগলটির পা ভেঙ্গে দেয়। এতে খান পরিবারের লোকজন ক্ষিপ্ত হয়ে চৌধুরী পরিবারের ওপর আক্রমণ করে। এতে অনেক লোক হতাহত হয়। তাদের এই শত্রুতা বংশানুক্রমে চলতে থাকে।

ক) আরবের মেরুদন্ড বলা হয় কাকে? ১
খ) আসাবিয়া বলতে কী বুঝা? ২
গ) অনুচ্ছেদে বর্ণিত দুই পরিবারের সংঘর্ষ ইতিহাসের কোন যুগের কথা স্মরণ করিয়ে দেয়? ব্যাখ্যা কর। ৩
ঘ) তুমি কি মনে কর উক্ত যুগে আরব জাতি গোত্র কলহে কলুষিত ছিল' তোমার মতামত ব্যক্ত কর। ৪

৫। আব্দুল বাতেন সাহেব ও আব্দুল মোমেন সাহেব দুজনই প্রতিষ্ঠিত ব্যবসায়ী ও সমাজ সেবী। এলাকার বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণের পাশাপাশি তারা গরিব দুঃখীদের অকাতরে অর্থ বিলিয়ে দেন। আব্দুল মোমেন সাহেব সামাজিক অনুষ্ঠনাদিতে ধনী-গরিব সবার সাথে মিলে কাজ করেন। অন্য দিকে আব্দুল বাতেন সাহেব সামাজিক অনুষ্ঠানে যোগ দিলেও আলাদা আসান বসেন, এমনটি মসজিওে তিনি সামনের কাতারে জায়গা না পেলে অসন্তুষ্ট হন।

ক) "সাব আল মুয়াল্লাকাত" কী? ১
খ) আরব নামের উৎপত্তি কিভাবে হয়েছে? ২
গ) উদ্দীপকে আব্দুল বাতেন সাহেবের আচরণে জাহিলি যুগের কোন বৈশিষ্ট্য ফুটে ওঠেছে? ব্যাক্যা কর। ৩
ঘ) আব্দুল বাতেন সাহেব ও মহানবী (সা.) এর আদর্শ অনুসরণ করে আব্দুল মোমেন মতো হতে পারেন বিশ্লেষণ কর। ৪

৬। মাগুরায় প্রতি বছর বৈশাখী মেলা হয়। উক্ত মেলায় প্রথিতযশা কবিরা বিভিন্ন কবিতা আবৃত্তি করে। এ ছাড়া নানা শ্রেণির মানুষ নাটক, গান বাজনাসহ বিভিন্ন আনন্দমূলক কার্যাবলীতে অংশগ্রহণ করে। মেলায় দুইটি কবিতা বাছাই করে পুরষ্কৃত করা হয়। এতে এলাকাবাসীর মধ্যে সাহিত্য-প্রতিভা বিকাশিত হয়।

ক) আরবের গোত্রপতিদের কী বলা হতো? ১
খ) প্রাক ইসলামী যুগে নারীদের অবস্থা কেমন ছিল। ব্যাখ্যা কর। ২
গ) মাগুরার বৈশাখী মেলা ইতিহাসের কোন মেলার সাথে সাদৃশ্যপূর্ণ ? ব্যখ্যা কর। ৩
ঘ) সাহিত্যা চর্চার ক্ষেত্রে উক্ত মেলায় ভূমিকা তোমার পাঠ্য বই এর আলোকে বিশ্লেষণ কর। ৪

৭। বছরের শুরুতেই ইমরান আলীর বাবা মারা যান। কিছুদিন পরই সড়ক দুর্ঘটনায় তিনি মারাত্মক আহত হন। ঐ বছরই শেষের দিকে তার দোকানটি চুরি হয়ে যায়। অব্যাহত চাপে পড়ে ইমরান আলী হাপিয়ে ওঠেন।

ক) হযরত ইব্রাহিম (আ.) এর প্রথম পুত্রের নাম কী? ১
খ) Academic Frachise বলতে কি বুঝ? ২
গ) উদ্দীপকে বর্ণিত ইমরান আলীর সাথে মহানবী (সা.) এর জীবনের কোন ঘটনার মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ) উক্ত ঘটনা রাসূল (সা.) এর জীবনকে প্রবলভাবে প্রভাবিত করেছিল- তুমি কী একমত? বিশ্লেষণ কর ৪

৮। বাকির সাহেব উপজেলার চেয়ারম্যান নির্বাচিত হয়ে তাঁর এলাকার জনগণকে সমবেত করে বললেন, ভাই সকল! আপনারা আমাকে চেয়ারম্যান নির্বাচিত করেছেন, এ কারণে আপনাদেরকে ধন্যবাদ জানাচ্ছি। আমি যদি ভালো কাজের আদেশ করি তাহলে আপনারা আমাকে মান্য করবেন। আর যদি অন্যায় কাজের আদেশ করি তাহলে আমাকে সংশোধন করবেন।

ক) ইসলামের ১ম খলিফা কে? ১
খ) হযরত আবু বকর (রা.) কীভাবে খলিফা নির্বাচিত হয়েছিলেন? ২
গ) বাকির সাহেব তার বক্তৃতায় যে খলিফার অনুসরণ করেছেন তার প্রেক্ষাপট বর্ণনা কর। ৩
ঘ) বিশ্বব্যাপি ইসলামের বিস্তৃতির ব্যাপারে উক্ত খলিফার ভূমিকা মূল্যায়ন কর। ৪

৯। চীনের এক প্রভাবশালী রাজা তার পার্শ্ববর্তী রাজ্যসমূহের দুর্বলতার সুযোগে একের পর এক রাজাকে পরাজিত করে বিজিত অঞ্চল থেকে প্রাপ্ত স্বীয় রাজ্যের উন্নতি ও সমৃদ্দিতে খরচ করেন। কিন্তু অনেক রাজ্য জয় করলেও তিনি একটি ছাড়া আর কোন রাজ্যকেই নিজ রাজ্যভূক্ত করেন নি।

ক) গজনী বংশ প্রতিষ্ঠিত হয় কত খ্রিষ্টাব্দে? ১
খ) সোমনাথ মন্দির কী ? বুঝিয়ে লিখ। ২
গ) উদ্দীপকের রাজার কর্মকান্ডের সঙ্গে ইসলামের ইতিহাসের কোন সুলতানের বিশেষ বৈশিষ্ট্যের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ) ইতিহাসের আলোকে উক্ত সুলতানের যুদ্ধাভিযান সমূহের উদ্দেশ্য কী ছিল? ব্যাখ্যা কর। ৪

১০। ইসলামের বিজয়াভিযানের পূর্বে ভারতীয় উপমহাদেশের অবস্থা সম্পর্কে ইতিহাসবিদ মুকিমসাহেব বললেন, এ সময় ভারতীয় উপমহাদেশে বর্ণপ্রাথা চালু থাকায় সমাজ ছিল ভঙ্গুর, অর্থনৈতিক অবস্থা ছিল প্রাচুর্যময়, রাজার হাতেরই সমস্ত ক্ষমতা ছিল। তবে সামাজিক অবস্থা ছিল মুসলমানদের বিজয়ের উপযোগী।

ক) ভারত অভিযানের সময় সিন্ধুর শাসনকর্তা কে ছিলেন? ১
খ) মুসলিম বিজয়ের পূর্বে ভারতবর্ষের ধর্মীয় অবস্থা কেমন ছিল? ২
গ) উদ্দীপকের মুকিম সাহেব কোন বিষয়ের প্রতি ইঙ্গিত দিয়েছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ) ভারতের সামাজিক অবস্থা ছিল মুসলমানদের বিজযের উপযোগী উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর ৪